

কোটা আন্দোলনে নামছেন বুয়েট শিক্ষার্থীরা

অনলাইন ডেক্স

০৯ জুলাই, ২০২৪

০৯:৪৩

শেয়ার

অ +

অ -



কোটা সংস্কার ও মেধাভিত্তিক নিয়োগের পরিপত্র বহাল রাখার দাবিতে বেশ কয়েক দিন ধরে দেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা আন্দোলন করে এলেও এতে অংশগ্রহণ ছিল না বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের। তবে আজ মঙ্গলবার থেকে একই দাবিতে আন্দোলনে নামছে বুয়েট শিক্ষার্থীরাও। আজ দুপুর ১২টার দিকে ক্যাম্পাসে মানববন্ধন কর্মসূচি পালন করবেন তারা।

সোমবার বুয়েটের ‘অর্হনির্ণয় ১৯’ ব্যাচের শিক্ষার্থীদের ‘কারেন্ট স্টুডেন্টস অব বুয়েট’ নামক ফেসবুক গ্রুপে এক স্ট্যাটাসে এ বিষয়ে জানানো হয়।

ওই স্ট্যাটাসে বলা হয়, গত ৫ জুন হাইকোর্ট থেকে ২০১৮ সালে প্রকাশিত কোটা সংস্কারের জনপ্রশাসন মন্ত্রণালয়ের পরিপত্রিটি বাতিল করা হয়। যার প্রতিক্রিয়ায় ক্ষুরু হয়ে পুরো দেশের ছাত্রসমাজ রাস্তায় নেমে আসে। বুয়েট এ সময়টার মধ্যে টার্ম ফাইনালে বন্ধ থাকায় সংঘবন্ধ হয়ে কিছু করে উঠতে পারেনি। এ ব্যাপারে অর্হনির্ণয় ১৯ দফায় দফায় আলোচনা করে।

তবে হলে জনবল কম থাকায় সশরীরে নামার সুযোগ সৃষ্টি হয়ে ওঠেনি। টিচারদের পেনশন ক্ষিমের আন্দোলনের জন্য ক্যাম্পাস অফ থাকায় শিক্ষার্থীরাও হলে আসতে আগ্রহী নয়। আবার, হলে ৫০ শতাংশের কম শিক্ষার্থী থাকায় অথরিটি থেকে হল ডাইনিং চালু করা হচ্ছে না।

এতে আরো বলা হয়, অর্হনির্ণয় ১৯ হলে উপস্থিত শিক্ষার্থী এবং ঢাকায় অবস্থানকারী এটাচদের নিয়ে দেশের অন্যান্য বিশ্ববিদ্যালয়ের সঙ্গে ‘কোটা সংস্কার আন্দোলন’-এর প্রতি একাত্মতা পোষণ করে আগামীকাল (মঙ্গলবার) দুপুর ১২টায় বুয়েট শহীদ মিনারের সামনে একটি শান্তিপূর্ণ মানববন্ধন আয়োজনের সিদ্ধান্ত নিয়েছে।

মানববন্ধনে অঙ্গনিশ ১৯ হাজারখানেক শিক্ষার্থীদের উপস্থিতি আশা করছে। এই উপস্থিতির ওপর নির্ভর করে অঙ্গনিশ ১৯ পরবর্তী কর্মসূচি বিবেচনা করবে।